Unit-VII

Flood (বন্যা)

পরিবেশের উপর বন্যার প্রভাব আলোচনা কর।

পরিবেশ হল উদ্ভিদ, প্রাণী ও মানুষের সুস্থ ও স্বাভাবিকভাবে বেঁচে থাকার মতো পারিপার্শ্বিক অবস্থা। বন্যা একটি প্রাকৃতিক দুর্যোগ। এই দুর্যোগের প্রভাবে গাছপালার ক্ষতি হয়। বীবন্তু প্রাণ হারায়, মানুষের জীবন ও সম্পত্তির ক্ষতি হয়। তাই পরিবেশের উপর বন্যার একটি অদ্ভুত, নেতিবাচক প্রভাব আছে। এটা ঠিকই যে, বন্যার ফলে যে নতুন পলি বলে, তা মাটিতে উর্বর হয়, উদ্ভিদের পুষ্টি যোগায়, কিন্তু এর পরিবর্তে পরিবেশ ও বিশেষত মানুষকে যে মূল্য দিতে হয়, তাতে লাভের চেয়ে ক্ষতির পরিমাণটাই

(ক) গাছপালার উপর বন্যার প্রভাব=

(i) বন্যার ফলে ছোট ছোট গাছপালা বিশেষত ধান, গম, শাকসব্জির অপূরণীয় ক্ষতি হয়। অধিকাংশ ক্ষেত্রেই বন্যার প্রকোপে এইসব নরম গাছ পচে নষ্ট হয়ে যায়।

(ii) উদ্ভিদের আলোকসংশ্লেষ ব্যাহত হয়। পাতা ঝরে যায়, বিভাজন কমে যায়। ফলে উৎপাদক স্তরে মরুর গাছপালার যোগান ব্যাহত হয়।

(খ) বীবন্তুর উপর প্রভাব=

(i) বন্যার প্রবল স্রোতের মুখে বহু বীবন্তু প্রতিনিয়ত ভেসে যায়, তার শেষ চিহ্নটুকুও নেই, এদের অধিকাংশই মারা যায়।

(ii) বন্যার প্রকোপে স্থলভোগী বীবন্তুর খাবারে টান পড়ে, ফলে অনাহারে বহু প্রাণী মারা যায়।

(গ) মানুষের উপর বন্যার প্রভাব=

(i) চাষআবাদের অপূরণীয় ক্ষতি হয়। বহু পরিশ্রমে চাষকরা ধান্য ও শাক সব্জি সবটাই নষ্ট হয়ে যায়। এইভাবে প্রতিবছর কোটি কোটি টাকার শস্য বন্যার কারণে নষ্ট হয়ে যায়।

(ii) বন্যার প্রকোপে বহু মানুষ যে শুধু প্রাণ হারায় তাই নয়, ঘর-বাড়ি, আসবাবপত্র বন্যার জলে ভেসে যায়। দরিদ্র চাষী নিঃস্ব হয়, শ্রমিকের উপার্জন বন্ধ হয়। মানুষের সম্পত্তির ক্ষতি হয়।

(iii) বন্যা জনজীবনের নিত্যপ্রয়োজনীয় ব্যবস্থাগুলিকে বিপর্যস্ত করে। যেমন রাস্তা ভেঙে যায়, রেললাইন ভেঙে যায়। নদীর তীরে ছোট বাঁধ ভেঙে যায়, পানীয় জলের অভাব ঘটে। নিত্যপ্রয়োজনীয় জিনিসের যোগানে টান পড়ে। আন্ত্রিক, কলেরা প্রভৃতি রোগ ছড়ায়। ফলে বন্যা মানুষের কাছে এক ভয়াবহ পরিস্থিতি তৈরী করে।

(ঘ) প্রাকৃতিক পরিবেশের উপর বন্যার প্রভাব=

(i) খাদ্যশৃঙ্খলও খাদ্যজালিকা বিঘ্নিত হয়।

(ii) জলদূষিত হয়।

(iii) মাটি দূষিত হয়ও মাটি অম্লিক হয়ে পড়ে।

(iv) পরিবেশের ভারসাম্য নষ্ট হয়।